# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin
**Date 02-04-2025 Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) লোকসভায় আজ ওয়াকফ সংক্রান্ত দুটি বিল পেশ করা হয়েছে। বিরোধী দলগুলি এই বিলের সমালোচনা করেছে।

২) মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ওষুধের দাম বৃদ্ধি নিয়ে উদ্বেগ প্রকাশ কোরে তা প্রত্যাহারের জন্য কেন্দ্রীয় সরকারে কাছে দাবি জানিয়েছেন।

৩) রাজ্যের ভোটার তালিকা থেকে বেছে বেছে হিন্দু, নমশূদ্র এবং হিন্দী ভাষী ভোটারদের নাম বাদ দেওয়া হচ্ছে বলে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন।

৪) রাজ্য সরকার, ৯ই এপ্রিল পর্যন্ত পুলিশ কর্মীদের সব ছুটি বাতিল কোরে এক নির্দেশিকা জারি করেছে।

৫) বাগডোগরা সহ রাজ্যের বিভিন্ন বিমানবন্দর থেকে আরও বেশি বিমান চালানোর জন্য বিজেপি বিধায়ক শঙ্কর ঘোষ কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানিয়েছেন।

৬) উত্তর ২৪ পরগণার জেলাশাসকের দপ্তরে বোমাতঙ্কের জেরে আজ ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে।

---------------------------------------------------------------------------

লোকসভায় আজ ওয়াকফ সংক্রান্ত দুটি বিল পেশ করা হয়েছে। সংখ্যালঘু বিষয়ক মন্ত্রী কিরেণ রিজিজু ওয়াকফ(সংশোধনী) বিল-২০২৫ এবং মুসলমান ওয়াকফ (রদ) ২০২৪- এই দুটি বিল, আলোচনা ও অনুমোদনের জন্য পেশ করেন। ১৯৯৫ সালের ওয়াকফ আইন সংশোধন এবং ১৯২৩ সালের মুসলমান ওয়াকফ আইন রদের উদ্দেশ্যে এই দুটি বিল আনা হয়েছে। বিলটি পেশ করে মন্ত্রী কিরেণ রিজিজু বলেন, মুসলিমদের ধর্মাচরণের সঙ্গে নয়, বিলটি ওয়াকফ বোর্ড-এর সম্পত্তির সঙ্গে সম্পর্কযুক্ত। সরকার চায়, ওয়াকফ বোর্ড আরো অন্তর্ভুক্তিমূলক ও ধর্ম নিরপেক্ষ হয়ে উঠুক। মসজিদের ব্যবস্থাপনা নিয়ন্ত্রণের জন্য এই বিল আনা হয়নি বলেও মন্তব্য করেন তিনি। শ্রী রিজিজু বলেন, কারোর সম্পত্তি বাজেয়াপ্ত করার উদ্দেশ্য, এই বিলের নেই। এই বিল অনুযায়ী ওয়াকফ বোর্ডে বিভিন্ন মুসলিম সম্প্রদায়, মহিলা, অমুসলিম এবং অন্যান্য প্রতিনিধিরাও থাকবেন। বিরোধীরা বিল নিয়ে মানুষকে বিভ্রান্ত করছেন বলে অভিযোগ করেন তিনি। দেশে কোনো ভূসম্পত্তিকে ওয়াকফ সম্পত্তি হিসেবে ঘোষণা করার জন্য আইনের অপব্যবহার করা হয়েছে বলেও শ্রী রিজিজুর অভিমত।

এদিকে, তৃণমূল কংগ্রেস সহ একাধিক বিরোধী দল এই বিলের সমালোচনায় সরব হয়েছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ওয়াকফ ইস্যুতে কেন্দ্রীয় সরকার তথা বিজেপিকে তীব্র আক্রমণ করেছেন। নবান্নে আজ এক সাংবাদিক বৈঠকে অভিযোগ করেন যে, বিজেপির একমাত্র কর্মসূচী হল দেশ ভাগ করা। তৃণমূল কংগ্রেস দেশের সংবিধান অনুসরণ করে।

বাইট

-----------------------------

ওয়াকফ সংশোধনী বিল নিয়ে আসার মধ্য দিয়ে মুসলমানদের ক্ষমতা কেড়ে নেওয়া হচ্ছে বলে কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী মন্তব্য করেছেন। এর মাধ্যমে সমাজে বিভাজন বাড়বে বলে উল্লেখ করেন তিনি।

---------------------------

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বিভিন্ন ওষুধের দাম বৃদ্ধি নিয়ে উদ্বেগ প্রকাশ করে তা প্রত্যাহারের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানিয়েছে। জাতীয় ঔষুধ মূল্য নির্ধারণ কর্তৃপক্ষ গতকাল ডায়াবেটিস, ক্যান্সার সহ গুরুত্বপূর্ণ ৭৪৮টি ওষুধের দাম বৃদ্ধি করেছে। আজ নবান্নে এক সাংবাদিক বৈঠক করে এর তীব্র প্রতিবাদ জানিয়ে মুখ্যমন্ত্রী বলেন, সাধারণ মানুষের সুস্থতার কথা কেন্দ্রীয় সরকার ভাবছেনা। এক শ্রেণীর মানুষের স্বার্থ রক্ষা করতেই এই পদক্ষেপ কিনা, তা নিয়ে প্রশ্ন তুলেছেন মুখ্যমন্ত্রী।

বাইট

ওষুধের দাম বাড়ানোর এই সিদ্ধান্তের বিরুদ্ধে তৃণমূল কংগ্রেস আগামী শুক্র ও শনিবার রাজ্যের প্রতিটি ব্লকে তীব্র আন্দোলন গড়ে তুলবে বলে এদিন মুখ্যমন্ত্রী জানান।

বিকেল চারটে থেকে পাঁচটা পর্যন্ত এই প্রতিবাদ মিছিলে তিনি সকল শুভবুদ্ধিসম্পন্ন মানুষকে যোগ দেওয়ার আহ্বান জানিয়েছেন।

নির্ধারিত মূল্যের চেয়ে বেশি দামে জীবনদায়ী ওষুধ বিক্রির অভিযোগ ওঠায়ে রাজ্য সরকার বিষয়টি দেখার জন্য স্বাস্থ্য দপ্তরকে নির্দেশ দিয়েছে।

এদিকে, দক্ষিণ ২৪ পরগণার পাথরপ্রতিমার ঢোলাহাটে বাজি বিস্ফোরণের জেরে একই পরিবারের ৮ জনের মৃত্যুর ঘটনায় শোক প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী। আজ নবান্নে তিনি বলেন, বাজি তৈরির জন্য মালিকদের কাছে প্রয়োজনীয় লাইসেন্স থাকলেও বাজির

সঙ্গে গ্যাস সিলিন্ডার এক জায়গায় রাখাতে এই বিস্ফোরণ হয়ে থাকতে পারে বলে মুখ্যমন্ত্রী আশঙ্কা প্রকাশ করেন। এই বিষয়ে তিনি প্রশাসন এবং জনসাধারণকে আরও সচেতন হতে বলেছেন। বিস্ফোরণে ঘটনার জন্য নজরদারির অভাব ও প্রশাসনের গাফিলতির কথাই উঠে এসেছে জেলাশাসকের রিপোর্টে। বাজি কারখানার মালিক চন্দ্রকান্ত বণিকের ৪ দিনের পুলিশ হেফাজত হয়েছে।

মুখ্যমন্ত্রী এদিন রামনবমী সহ বিভিন্ন উৎসবে শান্তি শৃঙ্খলা বজায় রাখার আবেদন জানিয়েছে। ধর্ম নিয়ে একটি দল সমাজে বিভাজন তৈরি করতে চাইছে বলে তিনি অভিযোগ করেন।

বাইট

-----------------------------

দক্ষিণ ২৪ পরগণায় চাম্পাহাটির হাড়ালে বেআইনী বাজির কারবার রুখতে আজ পুলিশি অভিযান চালানো হয়। বারুইপুর থানার পুলিশকর্মীরা এই অভিযান চালিয়েছেন।

পুলিশ সূত্রে জানা গেছে, এই অভিযান চালিয়ে বেশ কয়েক কেজি নিষিদ্ধ বাজি বাজেয়াপ্ত করা হয়েছে।

-----------------------------

রাজ্য সরকার আজ থেকে ৯ই এপ্রিল পর্যন্ত পুলিশ কর্মীদের ছুটি বাতিল করেছে। রাজ্যের এডিজি আইনশৃঙ্খলা সম্প্রতি এই মর্মে নির্দেশিকা জারি করেছেন। পুলিশের আইজি, কমিশনার, ডিআইজি, জেলার পুলিশ সুপার, এবং বিশেষ বাহিনীর আধিকারিকদের স্পষ্টভাবে নির্দেশ দেওয়া হয়েছে, ওই নির্দিষ্ট সময়ে ছুটি মঞ্জুর করা যাবে না। তবে চূড়ান্ত জরুরি পরিস্থিতিতে বা অত্যন্ত প্রয়োজনীয় ক্ষেত্রে ছুটির আবেদন

বিবেচনা করা হতে পারে। ছুটি বাতিলের নির্দেশে সুনির্দিষ্ট কারণ উল্লেখ করা না হলেও রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতেই এই সতর্কতা বলে মনে করা হচ্ছে।

এদিকে, কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মা রামনবমীর আগে আজ শহরের পরিস্থিতি খতিয়ে দেখেন।

রাম নবমীতে আগামী ৬ই এপ্রিল শিলিগুড়ি শহরে শান্তি বজায় রাখতে বিজেপি, পুলিশ প্রশাসনের কাছে আবেদন জানিয়েছে। যেকোন ধরনের বিশৃংখলা এড়াতে ওই দিন সকাল ৬ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত এলাকার সমস্ত বার, পাব, এবং মদের দোকান বন্ধ রাখার জন্য শিলিগুড়ির বিধায়ক শঙ্কর ঘোষ আজ শিলিগুড়ির পুলিশ কমিশনারের কাছে চিঠি দিয়েছেন।

-----------------------------

রাজ্যের ভোটার তালিকা থেকে বেছে বেছে হিন্দু, নমঃশূদ্র এবং হিন্দিভাষী ভোটারদের নাম বাদ দেওয়া হচ্ছে বলে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি অভিযোগ করেছেন। আজ বিজেপির দলীয় কার্যালয় মুরলীধর সেন লেনে এক সমাবেশে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, কলকাতা হাইকোর্ট বিজেপিকে মিছিলের অনুমতি দিয়ে রাজ্যে গনতন্ত্র রক্ষায় বড় ভূমিকা নিয়েছে। শুভেন্দু বলেন, ভোটার তালিকা নিয়ে বিজেপি ভোটগ্রহন কেন্দ্রে ভোট লুঠ এবং কারচুপি রুখতে দল সব রকম প্রয়াস চালাবে বলেও তিনি স্পষ্ট জানিয়েছেন। মালদা, মুর্শিদাবাদ, নদীয়া, উত্তর ২৪ পরগণা সহ সীমান্তবর্তী জেলাগুলির হিন্দু ভোটারদের নাম বাদ দেওয়ার অভিযোগ তোলেন তিনি।

উল্লেখ্য, হিন্দু ভোটারদের ভোটার তালিকা থেকে বাদ দেওয়া ও ভুতুড়ে ভোটার তালিকার প্রতিবাদে বিজেপি রাজ্য সদর দপ্তর ৬ নম্বর মুরলি ধর সেন লেন থেকে যুব

মোর্চার মিছিল শুরু হয়েছে। শেষ হবে ধর্মতলায় গিয়ে। বিরোধী দলনেতা ছাড়াও বিজেপির রাজ্য সাধারণ সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায়, উত্তর কলকাতা জেলা সভাপতি তমোঘ্ন ঘোষ প্রমুখ মিছিলে রয়েছেন। কিন্তু বিডিও শাসকদলের নির্দেশে কাজ করছে বলে নির্বাচনী আধিকারিকের কাছে অভিযোগ জানানো হয়েছে।

আজই কলকাতা হাইকোর্ট এই মিছিলে ছাড়পত্র দেয়। রুট বদলের পাশাপাশি মিছিলের জন্য কিছু শর্ত বেঁধে দেওয়া হয়েছে। এক হাজারের বেশি কর্মী সমর্থক থাকতে পারবেন না মিছিলে। ওয়াই চ্যানেল থেকে ১০ জনের প্রতিনিধি দল মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে স্মারকলিপি দিতে পারবেন। ৬৫ ডেসিবেলের বেশি শব্দ হয় এরকম স্পিকার ব্যাবহার করা চলবে না। এর আগে কলকাতা পুলিশের জয়েন্ট কমিশনার এর কাছে আবেদন জানিয়েও মিছিলের অনুমতি না মেলায় হাইকোর্টের দ্বারস্থ হয় বিজেপি।

-----------------------------

রাজ্যের সর্বত্র শান্তি সম্প্রীতি রক্ষা এবং তৃণমূল কংগ্রেস ও বিজেপির বিরুদ্ধে বিভাজনের রাজনীতির অভিযোগ তুলে প্রদেশ কংগ্রেস আজ কলকাতায় পদযাত্রা করে। কলেজ স্ট্রিটে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারের নেতৃত্বে পদযাত্রায় অংশ নেন রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চট্টোপাধ্যায়, অমিতাভ চক্রবর্তী প্রমুখ। শুভঙ্কর বাবু বলেন, কংগ্রেস সম্প্রীতির পক্ষে। নির্বাচনের দিকে তাকিয়ে তৃণমূল কংগ্রেস ও বিজেপি ধর্মীয় মেরুকরণের চেষ্টা করছে বলে শুভঙ্কর বাবু অভিযোগ করেন।

-----------------------------

বাগডোগরা সহ রাজ্যের বিভিন্ন বিমানবন্দর থেকে আরও বেশি বিমান চালানোর জন্য বিধানসভার বিজেপি পরিষদীয় দলের মুখ্য সচেতক তথা শিলিগুড়ির বিধায়ক শঙ্কর ঘোষ কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানিয়েছেন। তিনি বিষয়টি নিয়ে অসামরিক বিমান চলাচল মন্ত্রী রাম মোহন নাইডুর সঙ্গে সাক্ষাত্ করেন। সঙ্গে ছিল এই রাজ্যের বিজেপি বিধায়কদের একটি দল। অবিলম্বে জয়পুর ও সুরাটের মত শহরের সঙ্গে সরাসির বিমান যোগাযোগ শুরু করারও দাবি জানিয়েছেন। পর্যটকদের সুবিধার্থে বাগডোগরা থেকে হেলিকপ্টার পরিষেবা চালু করারও আবেদন জানানো হয়েছে।

---------------------------

শিলিগুড়িতে নাবালিকার রহস্য মৃত্যুর প্রতিবাদ ও দোষীদের উপযুক্ত সাজার দাবিতে আজ বিজেপি, নিউ জলপাইগুড়িতে সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখায়। ঘেরাও করা হয় থানা। নিহত নাবালিকার মা-ও এতে যোগ দেন। পরিবার সূত্রে খবর, গতকাল দুপুরে বন্ধু-বান্ধবীদের সঙ্গে মেয়েটি নিখোঁজ হয়ে যায়। পরে উত্তরকন্যা সংলগ্ন জঙ্গল থেকে তার দেহ উদ্ধার হয়। এই ঘটনায় ইতোমধ্যেই তিনজনকে আটক করা হয়েছে।

---------------------------

রাজ্য বিজেপির তরফে আজ আরও আট সাংগঠনিক জেলার সভাপতির নাম ঘোষণা করা হয়েছে। দিন কয়েক আগে ২৫ টি সাংগঠনিক জেলার সভাপতির নাম ঘোষণা হয়েছিল। এখনও ১০ টি জেলায় সভাপতি ঘোষণা বাকি রয়েছে। ঘোষণা হওয়া আটটি জেলার মধ্যে সাতটি জেলাতেই সভাপতি পদে বদল ঘটেছে। শুধু বীরভূমে ধ্রুব সাহা সভাপতি পদে থেকে গিয়েছেন। এখনও পর্যন্ত ঘোষিত ৩৩টি জেলার মধ্যে ২৪ টি

জেলাতেই নতুন সভাপতি বেছে নিল রাজ্য বিজেপি। আসন্ন বিধানসভা নির্বাচনের কথা মাথায় রেখেই এই পদক্ষেপ বলে মনে করা হচ্ছে।

----------------------------

উত্তর ২৪ পরগণার জেলা শাসকের দপ্তরে আজ বোমাতঙ্কের জেরে ব্যাপক চাঞ্চল্য ছড়ায়। সকাল ১১'টা নাগাদ প্রশাসনিক কার্যালয়ের কর্মীরা হুমকি মেল দেখতে পান। তাতে, বিকেল সাড়ে চারটের সময় প্রশাসনিক ভবন উড়িয়ে দেওয়া হবে বলে জানানো হয়। এরপরই আতঙ্ক ছড়িয়ে পড়ে। সঙ্গে সঙ্গে পুলিশ ও নিরাপত্তা বাহিনীর পাশাপাশি নিয়ে আসাস হয় বম্ব স্কোয়াড। মেটাল ডিটেক্টার দিয়ে তল্লাশি চালানোর পরেই কর্মীদের ভেতরে ঢুকতে দেওয়া হয়। জেলা শাসক শরৎ কুমার দ্বিবেদী অবশ্য এবিষয়ে কোনো মন্তব্য করতে চাননি। ঘটনার তদন্ত চলছে।

----------------------------

পশ্চিম মেদিনীপুর শহরের বরিশাল কলোনি এলাকায় আজ বিকেলে একটি আইসক্রিম ফ্যাক্টরির হঠাত্ই আগুন লেগে যায়। আগুনে ভষ্মিভূত হয়েছে বহু টাকার কাঁচা মাল সহ বহু সম্পত্তি পুড়ে গিয়েছে। খবর পেয়ে দমকলের একটি ইঞ্জিন ঘটনাস্থলে গিয়ে আগুন আয়ত্তে নিয়ে আসে।

----------------------------

রাজ্যের বিভিন্ন জেলায় আগামী কয়েকদিন বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। রাজ্যের পশ্চিমের জেলা পুরুলিয়া, বাঁকুড়া, ঝাড়গ্রাম ছাড়াও দুই মেদিনীপুর এবং দুই বর্ধমান ও বীরভূমে আজ বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

আজ কলকাতায় দিনের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩৪ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে সামান্য কম।

অন্যদিকে আজ সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে প্রায় দেড় ডিগ্রি বেশি।

--------------------------- ---------------------------